

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর,

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা

ফোন-৯৫৬২৭৯৫, ফ্যাক্স-৮৮-০২-৯৫৬২৯১৩

Visit <http://www.pwd.gov.bd>

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৯৩.১৬/১৯/১৫২

হি-১

তারিখ- ২৫/০৫/২০১৬
২২/০৫/২০১৬

বরাবর,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

গণপূর্ত সার্কেল, সিলেট/রংপুর।

বিষয়ঃ- “বিভিন্ন জেলায় ৩০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন” (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের অধীন মৌলভীবাজার এবং গাইবান্ধা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের পূর্ত নির্মাণ কাজে ব্যয়ের জন্য অর্থ বরাদ্দ।


উপরোক্ত প্রকল্পের কাজে চলতি ২০১৬-২০১৭ আর্থিক সালে খরচ করিবার জন্য মোট = ৩৫.৪৭ লক্ষ (পঁয়ত্রিশ লক্ষ সাতচল্লিশ হাজার) টাকা মাত্র নিম্ন বর্ণিত হারে বরাদ্দ করা হইলঃ-

ক্রম	কেন্দ্রের নাম	কাজের বিবরণ	টাকার পরিমাণ	সার্কেলের নাম	বিভাগের নাম
১।	মৌলভীবাজার কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র	৪০০ কেভিএ সাব-স্টেশন	০.৬২ লক্ষ	সিলেট গণপূর্ত সার্কেল	মৌলভীবাজার গণপূর্ত বিভাগ
২।	গাইবান্ধা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র	এয়ারকুলার	১৫.০০ লক্ষ	রংপুর গণপূর্ত সার্কেল	গাইবান্ধা গণপূর্ত বিভাগ
		সোলার প্যানেল	১৯.৮৫ লক্ষ		
উপ-মোট=			৩৪.৮৫ লক্ষ		
মোট=			৩৫.৪৭ লক্ষ		

উক্ত খরচ প্রকল্প পরিচালক, “বিভিন্ন জেলায় ৩০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন” (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকার স্মারক নং-৯৩২২(৬) তারিখ-০৮-০৮-২০১৬ইং এর দ্বারা মঞ্জুরীকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ঢাকার স্মারক নং/৯৫ তারিখ-১০/০৮/২০১৬ইং এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত = ৩৫.৪৭ লক্ষ টাকা হিসাবের কোড নং-৫-৬৫৩১-৫০১৩-৭০১৬ খাতের ২০১৬-২০১৭ আর্থিক সালের বাজেট বরাদ্দ হইতে সংক্ষয়/বহন করিতে হইবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করিতে হইবে।

উক্ত অর্থ সফল প্রকারে আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন পূর্বক খরচ করিবার নিমিত্তে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের নিবাহী প্রকৌশলীর নিকট পুনঃ বরাদ্দ প্রদান করিয়া অত্র অধিদপ্তরকে অবহিত করিতে অনুরোধ করা যাইতেছে। উক্ত অর্থ খরচ করিবার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করিতে হইবেঃ-

- ১) প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ করিয়া অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করিতে হইবে।
- ২) কাজ যথাযথ ভাবে সম্পাদন করা হইয়াছে মর্মে প্রত্যাশি সংস্থার প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধযোগ্য।
- ৩) বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করিতে হইবে এবং খরচের হিসাব অত্র দপ্তরের/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করিতে হইবে।
- ৪) উক্ত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদ্ঘাটিত হইলে বিল পরিশোধকারী দায়ী থাকিবে।


(মোসলেহ উদ্দীন আহম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
E-mail: se_coord@pwd.gov.bd
ফোন-৯৫৬২৭৯৫
তারিখ- ২২/০৫/২০১৬


স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৯৩.১৬/১৯/১৫২

হি-১

তারিখ- ২২/০৫/২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নমঃ)-

- ০১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পঃওবিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট/ রংপুর।
- ০৩) হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪) মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/(মনিটরিং এন্ড অডিট)/(পেকু) গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৬) প্রকল্প পরিচালক, “বিভিন্ন জেলায় ৩০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন” প্রকল্প, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা। ইহা তাহার উপরোক্ত স্মারক নং ও তারিখের প্রেক্ষিতে।
- ০৭) উপ-সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮) নিবাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার/ গাইবান্ধা।
- ০৯) প্রধান প্রকৌশলী মহোদয়ের ষাফ অফিসার (নিবাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১০) নিবাহী প্রকৌশলী, এম আই এস সেল, রুম নং-৫১৬, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সচিবালয় ভবন, তৃতীয় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা। ইহা তাহার উপরোক্ত স্মারক নং ও তারিখের প্রেক্ষিতে।
- ১৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৪) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মৌলভীবাজার/ গাইবান্ধা।
- ১৫) গার্ড ফাইল, হিসাব শাখা-১/ হিসাব সেল, অত্র অধিদপ্তর, ঢাকা।


(মোসলেহ উদ্দীন আহম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
তারিখ- ২২/০৫/২০১৬